দৈনিক খবর

তারিখ 25 OCT 1992
পৃষ্ঠা 6 কলাম 4

122

### কর্মচারীদের মারধর

# বদরুন্নেছা কলেজে বহিরাগতদের উচ্ছৃংখলতা

।। স্টাফ রিপোর্টার ।।

গত মঙ্গলবার বদরুন্নেছা সরকারী কলেজ ক্যাম্পাসে একদল বহিরাগত কয়েকজন কলেজ কর্মচারীকে মারধর করেছে। এ সময় কলেজ অধ্যক্ষা ভর্তি কমিটির সদস্যদের সাথে আলোচনা করছিলেন।

সূত্র জানিয়েছে, ভর্তি সংক্রান্ত ব্যাপারে কথা কাটাকাটির এক পর্যায়ে অধ্যাক্ষার সামনে বহিরাগতরা হেড ক্লার্ক আবদুল মান্নানসহ কয়েকজনকে মারধর করে। তারা অধ্যাক্ষাকেও অশালীন ভাষায় গালাগালি করে এবং কলেজের কিছু আসবাবপত্র ভাংচুর করেছে। অবৈধভাবে ভর্তির সুযোগ গ্রহণের আশায় বহিরাগতরা কলেজে এসেছিল বলে জানা গেছে। এ ধরনের ভর্তির চাপ ঢাকা শহরের অন্যান্য কলেজেও সৃষ্টি হচ্ছে।

সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, বেশ কিছুদিন যাবৎ স্থানীয় একদল চিহ্নিত মাস্তান কলেজ অধ্যাক্ষার নিকট থেকে বেআইনীভাবে ভর্তির সুবিধা আদায় করার জন্য চাপ প্রয়োগ করে আসছিল। কলেজ কর্তৃপক্ষ ব্যাপারটি পাত্তা না দেয়ায় বহিরাগতরা কলেজ অধ্যাক্ষার অফিস কক্ষে প্রবেশ করে অশালীন ভাষায় গালাগাল ও আসবাবপত্র ভাংচুর করতে থাকে। কলেজের কর্মচারীরা তাদের প্রতিরোধকরে।

সূত্রটি জানায়, বিগত এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পর হতেই ঢাকার প্রথম শ্রেণীর কলেজগুলোতে ব্যাপকভাবে ভর্তির চাপ সৃষ্টি হয়। রাজধানীর প্রথম সারির কলেজগুলোয় বিপুলসংখ্যক ছাত্র–ছাত্রী ভিড় জমায় এবং নিয়মানুযায়ী ভর্তি সমাপ্ত করার পর ভর্তির আর কোন অবকাশ থাকে না তবে বিভিন্ন মহল বিভিন্ন সময়ে ভর্তির জন্য চাপ সৃষ্টি করে। তাদের কথামত কাজ না করা হলে কলেজের প্রশাসনের বিভিন্ন ব্যক্তিদের হুমকি দেয়া হয়। ভিড় এড়ানোর লক্ষ্যে এবং ছাত্র–ছাত্রীদের সুবিধার জন্য প্রতিটি কলেজে ভর্তি কমিটি গঠন করে ছাত্র–ছাত্রী ভর্তি করানো হয়। ভর্তির ব্যাপারে অভিভাবকদের সচেতনতাই এ ধরনের অপ্রীতিকর ঘটনা রোধ করতে পারে বলে ধারণা করা হচ্ছে।